Liberté • Égalité • Fraternité
RÉPUBLIQUE FRANÇAISE

গনপ্রজাতন্ত্র অন্তর্ভুক্তি চুক্তি



জনাব, জনাবা,

আপনি আপনার গনপ্রজাতন্ত্র অন্তর্ভুক্তি চুক্তিতে (CIR) স্বাক্ষর করার জন্য আজ ফরাসী অভিবাসন এবং অন্তর্ভুক্তি অধিদপ্তরে (OFII) উপস্থিত হয়েছেন।

এই মর্মে আপনি ফ্রান্সে, যা কি না আপনার পৃষ্ঠপোষক রাষ্ট্র, স্থায়ীভাবে বসবাস করার এবং আপনার পারিপার্শ্বিকতা সাপেক্ষে প্রণীত অন্তর্ভুক্তি কার্যক্রমে অংশগ্রহণের অঙ্গীকার ব্যক্ত করছেন।

এই চুক্তির আওতায় আপনি যেমনভাবে কিছু অধিকার পাবেন তেমনি আপনাকেও কিছু কিছু নিয়মকানুন মেনে চলতে হবে।

☐ *পারিপার্শ্বিকতা সাপেক্ষে প্রণীত গনপ্রজাতন্ত্রে অন্তর্ভুক্তি কার্যক্রমে অংশগ্রহণ*

আজকের এই সাক্ষাৎকারের উদ্দেশ্য হল আপনার ব্যক্তিগত চাহিদার ব্যাপারে অবগত হওয়া, আপনাকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যাপারে জানানো এবং আপনার ব্যক্তিগত অবস্থা বিবেচনায় নিয়ে পরবর্তী পদক্ষেপের পরামর্শ দেয়া।

- সামাজিক প্রশিক্ষণ

আপনার কার্যক্রমের প্রথম ধাপ হল বাধ্যতামূলক একটি সামাজিক পরিচিতিমূলক কর্মশালায় অংশ নেয়া যেটা কিনা দুই দিন ধরে আয়োজন করা হয়।

- ভাষা প্রশিক্ষণ

আপনার ভাষাগত দক্ষতা যদি ইউরোপীয় সাধারণ ভাষাজ্ঞান লেভেল A1 (CECRL) এর নীচে হয় তবে আপনাকে এই লেভেল পর্যন্ত পৌঁছানোর জন্য একটি ভাষা প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এর মাধ্যমে আপনি আপনার দৈনন্দিন জীবনে ফরাসী ভাষায় কথোপকথন চালিয়ে যেতে সক্ষম হবেন।

- তথ্য

একইভাবে আপনি আপনার প্রাপ্য সকল অধিকারের ব্যাপারে জানতে পারবেন এবং ফ্রান্সে কি কি জনসাধারণ সেবা পাওয়া যায় সে ব্যাপারেও জানতে পারবেন (স্কুল-কলেজ, হাসপাতাল, সামাজিক নিরাপত্তা...)

☐ *CIR চুক্তি মেনে চলা, বহু বার্ষিক আবাসিক পারমিট কার্ডের শর্তাবলী*

চুক্তিতে স্বাক্ষরের মাধ্যমে আপনি এই অঙ্গীকার করছেন যে আপনি যথাযথভাবে সকল সামাজিক এবং ভাষা প্রশিক্ষণে অংশ নিবেন।

একইভাবে আপনাকে ফরাসী গনপ্রজাতন্ত্রের সকল সামাজিক এবং রাষ্ট্রীয় মূল্যবোধের প্রতি শ্রদ্ধা রাখতে হবে এবং তা মেনে চলতে হবে।
এই শর্তগুলো মেনে চললে আপনাকে বহু বার্ষিক আবাসিক পারমিট কার্ড দেয়া হবে।

☐ *কার্যক্রমে অংশ নেয়া এবং আবাসিক পারমিট কার্ডের হস্তান্তর*

ফরাসী ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে আপনাকে আপনার পারিপার্শ্বিকতা অনুযায়ী প্রণীত গনপ্রজাতন্ত্রে অন্তর্ভুক্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

আপনি যদি আবাসিক পারমিট কার্ড পেতে চান তবে আপনাকে ফরাসী ভাষায় CECRL এর A2 লেভেলের পারদর্শিতা অর্জন করতে হবে।

উপরন্তু আপনাকে ফরাসী গনপ্রজাতন্ত্রের সকল মূলনীতি যথাযথভাবে মেনে চলতে হবে।

এই শর্তগুলো মেনে চললে আপনাকে বহু বার্ষিক আবাসিক পারমিট কার্ড দেয়া হবে।

ফরাসী সংবিধানের ৪ই অক্টোবর, ১৯৫৮ এর ধারা ১ -

“ফ্রান্স হল এমন একটি রাষ্ট্র যা অবিভাজ্য, ধর্মনিরপেক্ষ, গনপ্রজাতান্ত্রিক এবং সামাজিক। আইনের চোখে সকল নাগরিককে তাদের জাত, ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ নির্বিশেষে সাম্যতা প্রদান করে এই রাষ্ট্র। সকল ধর্ম কে শ্রদ্ধা করা হয় এই রাষ্ট্রে এবং এই রাষ্ট্রের প্রশাসন বিকেন্দ্রীয়ভাবে পরিচালিত হয়।

এই রাষ্ট্র ব্যক্তির লিঙ্গ নির্বিশেষে সকল নারীপুরুষকে নির্বাচনী প্রক্রিয়ায় এবং কার্যক্রমে এবং পেশাদারী এবং সামাজিক সকল ব্যাপারে অংশ নিতে উদ্বুদ্ধ করে”

গনপ্রজাতন্ত্রে অন্তর্ভুক্তি চুক্তি

এই গনপ্রজাতন্ত্রে অন্তর্ভুক্তি চুক্তি ধারা এল ৩১১-৯ এর বিদেশীদের আগমন এবং শরণার্থী আশ্রয় অধিকার বিষয়ক আইনের আলোকে ফরাসী সরকারের প্রতিনিধি হিসেবে স্থানীয় প্রশাসন এবং আপনার মধ্যে সম্পন্ন হবে। উভয় পক্ষের পারস্পরিক সহায়তার মাধ্যমে এই চুক্তির শর্তাবলী পালন করা হবে।

I. সরকারের কর্তব্য

সরকারের কাজ হল আপনার অন্তর্ভুক্তি প্রক্রিয়াকে ত্বরান্বিত করে এমন একটি অভ্যর্থনামূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করা। এর আওতায় নিম্নবর্ণিত সেবা প্রদান করা হতে পারেঃ

- আপনার ব্যক্তিগত অবস্থা এবং চাহিদা বিশ্লেষণ করে আপনাকে বিশেষ কিছু কর্মসূচী বা প্রশিক্ষণে অংশ নেয়ার জন্য একটি সাক্ষাৎকারের আয়োজন করা হতে পারে যেখানে OFII এর প্রতিনিধি এই বিষয়গুলো তলিয়ে দেখবেন।
- দুই মডিউল বিশিষ্ট একটি সামাজিক প্রশিক্ষণে অংশ নেয়ার ব্যবস্থা করা হতে পারেঃ
  - ফরাসী গনপ্রজাতন্ত্রের মূল্যবোধ
  - ফ্রান্সে জীবনধারণ করা এবং চাকরি-বাকরি
- OFII এ আয়োজিত একটি ফরাসী ভাষা পরীক্ষা যার মাধ্যমে আপনার ভাষা দক্ষতা যাচাই করা হতে পারে।
- CECRL এর A1 লেভেলের সংজ্ঞা এবং মেয়াদ অনুযায়ী যদি আরও ভাষা প্রশিক্ষণের দরকার হয় তবে তার ব্যবস্থা করা।

II. আপনার দায়িত্ব

আপনি এই মর্মে অঙ্গীকার করছেন যেঃ

- আপনি সকল অবস্থায় ফরাসী রাষ্ট্রের মূল্যবোধের শ্রদ্ধা করবেন
- নিষ্ঠার সাথে সামাজিক প্রশিক্ষণের দুইটি মডিউলেই এবং ভাষা প্রশিক্ষণে অংশ নিবেন
- OFII এর সাক্ষাৎকারে নির্ণীত যাবতীয় পদক্ষেপ বাস্তবায়ন করবেন
- নিজের পারিপার্শ্বিকতার কোন পরিবর্তন হলে তা OFII কে জানাবেন।

III. চুক্তির মেয়াদ

CIR চুক্তি এক বছরের জন্য করা হয়। বিশেষ ব্যতিক্রম এবং বৈধ কারণ সাপেক্ষে স্থানীয় প্রশাসন কর্তৃক এর মেয়াদ খুব বেশী হলে আরও অতিরিক্ত এক বছরের জন্য বাড়ানো হলেও হতে পারে। মনে রাখবেন যে আপনি যদি ফরাসী গনপ্রজাতন্ত্রের মূল্যবোধের বিরোধী কোন কাজে লিপ্ত হন বা ফ্রান্সের সামাজিক নিয়মকানুনের অবমাননা বা উলঙ্ঘন করেন তবে OFII এর অনুরোধের প্রেক্ষিতে স্থানীয় প্রশাসন এই CIR চুক্তি যেকোনো সময় বাতিল করার ক্ষমতাও রাখে।

আপনার ব্যক্তিগত কর্মসূচী

আজকের দিনে অনুষ্ঠিত সাক্ষাৎকারের আলোকে আপনাকে নিম্নবর্ণিত প্রশিক্ষণের জন্য নির্দেশ দেয়া গেলঃ

- ***সামাজিক প্রশিক্ষণ "ফ্রান্স গনপ্রজাতন্ত্রের মূলনীতি এবং মূল্যবোধ"***
  ☐ বাধ্যতামূলক
- ***সামাজিক প্রশিক্ষণ "ফ্রান্সে জীবনধারণ করা এবং চাকরি-বাকরি"***
  ☐ বাধ্যতামূলক
- ***ভাষা শিক্ষা***
  ☐ লেভেল A1 সম্পন্ন হয়েছে (ভাষা শিক্ষা মওকুফ)
  ☐ লেভেল A1 সম্পন্ন হয়নি (...ঘন্টার ভাষা শিক্ষা গ্রহণের নির্দেশ দেয়া গেল)

এছাড়া নিম্নবর্ণিত সেবাগুলোর ব্যাপারে আরও খোঁজ নেয়ার জন্য এবং তা লাভ করার জন্য আপনাকে অনুরোধ জানানো গেলঃ

CIR হল ফ্রান্সে আপনার অন্তর্ভুক্তির প্রথম ধাপ। এর সকল অধিকার এবং দায়িত্ব আপনাকে মেনে চলতে হবে। সফলভাবে তা মেনে চললেই আপনাকে যেই রাষ্ট্র আশ্রয়দান করেছে সেখানে আপনি সহজে মানিয়ে নিতে পারবেন।

গনপ্রজাতন্ত্র অন্তর্ভুক্তি চুক্তি নং

স্বাক্ষরিত হবার তারিখ ...

যাদের মধ্যে সম্পন্ন হল, জনাব/জনাবা (নাবালকদের ক্ষেত্রে আইনী প্রতিনিধি)...

AGDREF নং...

সাক্ষরঃ

স্থানীয় প্রশাসনের নামঃ

চুক্তির মেয়াদ বাড়ানো হয়ে থাকলে (মেয়াদ, শেষ হবার তারিখ, কারণ)...

৬ই জানুয়ারি ১৯৭৮ এর আইন নং ৭৮-১৭ অনুযায়ী এই চুক্তির বিষয়বস্তু এবং তথ্যের বিচার করতে হবে। এর আলোকে ফরাসী অভিবাসন এবং অন্তর্ভুক্তি অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত সকল ব্যক্তিগত তথ্য জানতে চাইবার বা পরিশোধন করার অধিকার ব্যক্তির আছে।